

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ শয়ন ও নিদ্রার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শোয়ার আগে 'বিসমিল্লাহ' বলে বাড়ির দরজাসমূহ বন্ধ করে দিন

শোয়ার আগে 'বিসমিল্লাহ' বলে বাড়ির দরজাসমূহ বন্ধ করে দিন। এতে আপনার জন্য পর্দা এবং শয়তান ও মানুষ থেকে নিরাপত্তা লাভ হবে।

রাসুল (ﷺ) বলেন, "সন্ধ্যা হলে শিশুদেরকে বাইরে ছেড়ো না। কারণ ঐ সময় শয়তানদল ছড়িয়ে পরে। রাতের কিছু অংশ অতিবাহিত হলে তাদেরকে ছেড়ে দাও। (শয়নকালে) সমস্ত দরজা অর্গলবদ্ধ কর এবং (সেই সাথে) আল্লাহর নামের স্মরণ নাও। আর আল্লাহর নামের স্মরণ নিয়ে বিভিন্ন (পাত্র-আধার ও) বাসনাদি ঢেকে রাখ। ঢাকার কিছু না থাকলে অন্ততপক্ষে একটি কাষ্টখন্ড (বা অন্য কিছু) দ্বারা ঢাকো। আর (বিশেষ করে তৈল-জ্বালিত) বাতিসমূদয় নির্বাপিত কর।"[1] কারণ, শয়তান বন্ধ দরজা খুলে না, কোন আবৃত পাত্রও খুলে না এবং ইঁদুর (তৈল জ্বালিত প্রদীপ দ্বারা) গৃহবাসীর উপর তাদের গৃহ জ্বালিয়ে দেয়।"[2]

(শীতের রাতে ধুনি অথবা বাতি জ্বালিয়ে রেখে অথবা উননে বা গোয়ালে ধুঁয়া দিয়ে) "তোমরা ঘুমাবার সময় আগুন ছেড়ে রেখো না।"[3]

## ফুটনোট

- [1]. বুখারী তাওহীদ পাবঃ হা/৬২৯৬, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০১২, প্রমুখ
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/২০১২, ৬২৫৯
- [3]. বুখারী তাওহীদ পাবঃ হা/৬২৯৩, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০১৫ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=8064

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন